

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.২২.০০৩.২৩.২০৫

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩০
০৯ অক্টোবর ২০২৩

বিষয়: বেসরকারি মাধ্যমিক/সমমানের শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক টিউশন ফিস অগ্রীম আদায় না করা প্রসংগে।

২০২৩ শিক্ষাবর্ষের মাধ্যমিক/সমমানের সকল শ্রেণির বার্ষিক পরীক্ষা/মূল্যায়ন নভেম্বর ২০২৩ এর মধ্যে সমাপ্ত হবে। এ অজুহাতে কিছু শিক্ষা প্রতিষ্ঠান অক্টোবর, নভেম্বর ও ডিসেম্বর-তিন মাসের টিউশন ফিস শিক্ষার্থীদের নিকট হতে একসঙ্গে অগ্রীম আদায়ের নোটিশ দিয়েছে। এতে অভিভাবকগণ অসহনীয় আর্থিক চাপের মধ্যে পড়বেন।

২। এমতাবস্থায়, সকল বেসরকারি মাধ্যমিক/সমমানের শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক একসঙ্গে একাধিক মাসের টিউশন ফিস (অক্টোবর, নভেম্বর ও ডিসেম্বর, ২০২৩) অগ্রীম আদায় না করে শিক্ষার্থীদের সংশ্লিষ্ট মাসের টিউশন ফিস সংশ্লিষ্ট মাসেই গ্রহণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।



(জহিরুল ইসলাম)
যুগ্মসচিব
ফোন: ৯৫৪৫০৩২

ই-মেইল: nongovt.secondary.sec1@shed.gov.bd

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.২২.০০৩.২৩.২০৫


তারিখ: ২৪ আশ্বিন ১৪৩০
০৯ অক্টোবর ২০২৩

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ঢাকা।
- ২। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
- ৩। মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৪। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি), ঢাকা।
- ৫। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/দিনাজপুর/ময়মনসিংহ/যশোর/চট্টগ্রাম/সিলেট/কুমিল্লা/বরিশাল।
- ৬। উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৭। জেলা প্রশাসক (সকল)।

D/Rafique-11/টিউশন ফি নোটিশ/Tuition fees letter

- ৮। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৯। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল, -----।
- ১০। উপজেলা নির্বাহী অফিসার, -----(সংশ্লিষ্ট)।
- ১১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল, ----- অঞ্চল।
- ১২। জেলা শিক্ষা অফিসার, ----- জেলা।
- ১৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, -----(সংশ্লিষ্ট)।
- ✓ ১৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় [আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।
- ১৫। তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়।
- ১৬। সভাপতি/গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি, -----।
- ১৭। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, -----।
- ১৮। অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ১৯। অফিস কপি।



(জহিরুল ইসলাম)
যুগ্মসচিব